১২৮৮৫

দৈনিক সংবাদ

তারিখ 18 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৩

৪৬

ডঃ শরীফের বিরুদ্ধে প্রচারণা

# জা'নগর ভার্সিটির ৮১ জন শিক্ষকের তীব্র প্রতিবাদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৮১ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে স্বাধীনতা-বিরোধী ব্যক্তিরা ডঃ আহমদ শরীফের বক্তৃতাকে বিকৃত রূপ দিয়ে যে প্রচারণার আশ্রয় নিয়েছে তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তারা বলেন, মুক্তিযুদ্ধবিরোধী অপশক্তি ফ্যাসিবাদী প্রক্রিয়ায় দেশের বিশিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে নোংরা প্রচারণায় মেতেছে। তারা জাতির গর্ব কবি সুফিয়া কামাল, অধ্যাপক কবীর চৌধুরী, ডঃ আহমদ শরীফ প্রমুখ ব্যক্তি সম্পর্কে অত্যন্ত আপত্তিকর মন্তব্য করে চলেছে।

বিবৃতিতে যারা সই করেন তাদের মধ্যে আছেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, অধ্যাপক আবুল কাশেম চৌধুরী, ডঃ শিরীন আখতার, মোহাম্মদ রফিক, অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরী, ডঃ মু. ইদরিস আলী, অধ্যাপক এম কবির, ডঃ কাঞ্চন চৌধুরী, আনু মুহাম্মদ, ডঃ জীবেন রায়, শাহীন ম· মাহমুদ, শফি আহমেদ, রাশেদা আখতার, আইনুন নাহার প্রমুখ।